গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন অধিদপ্তর
১৪,আবদুল গনি রোড,ঢাকা।
www.rd.gov.bd

স্মারক নং-১০.০৫.০০০০.০০৪.২৭.০০২.২৩-৬৫৭ তারিখ ঃ ২৪/০৮/২০২৩খ্রিঃ

বিষয়ঃ আইন ও বিচার বিভাগের বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩ প্রকাশের জন্য তথ্য/প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৮ এর স্মারক নং-১০.০০.০০০০.১৩২.১৬. ০১০. ২২-২৮৬, তারিখ-১৩-০৮-২০২৩খ্রিঃ ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লেখিত স্মারকে প্রাপ্ত পত্রের প্রেক্ষিতে আইন ও বিচার বিভাগের বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩ প্রকাশের জন্য ২০২২-২০২৩ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত তথ্য/প্রতিবেদন প্রস্তুতপূর্বক প্রেরণ করা হ'ল।

সংযুক্ত-০২(দুই) ফর্দ্দ

২৪/০৮/২০২৩
(উম্মে কুলসুম)
মহা-পরিদর্শক, নিবন্ধন (অঃদাঃ)
বাংলাদেশ, ঢাকা।

মাননীয় সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-১০.০৫.০০০০.০০৪.২৭.০০২.২৩-৬৫৭/১ তারিখ ঃ ২৪/০৮/২০২৩খ্রিঃ

অনুলিপি ঃ-
১। সিনিয়র সহকারী সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৮, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অফিস কপি।

২৪/০৮/২০২৩
(উম্মে কুলসুম)
মহা-পরিদর্শক, নিবন্ধন (অঃদাঃ)
বাংলাদেশ, ঢাকা।

# নিবন্ধন অধিদপ্তরের ২০২২-২০২৩ বছরের বার্ষিক প্রতিবেদন ঃ

০১। **নির্বাহী সার সংক্ষেপঃ** দ্রুততম সময়ে জনবান্ধব নিবন্ধন সেবা প্রদান এবং সরকারী রাজস্ব আদায় ও আধুনিকায়ন কর্মসূচি বাস্তবায়ন/প্রশাসনে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের উদ্দেশ্যে নিবন্ধন অধিদপ্তরে মোট ০৬টি বিভাগীয় শাখাসহ ০১টি টিসি শাখা রয়েছে। মহা-পরিদর্শক, নিবন্ধন অধিদপ্তরের আওতাধীন প্রধান কার্যালয়ের পরিদর্শকগণ সহ মাঠ পর্যায়ে কর্মরত জেলা রেজিস্ট্রার, সাব রেজিস্ট্রার ও নিকাহ্ রেজিস্ট্রারদের সার্বিক নিয়ন্ত্রন করে থাকেন। নিবন্ধন আইনের সঙ্গে সঙ্গতিপূর্ণ বিধিমালা ও প্রণয়ন করে থাকেন। সহকারী মহা-পরিদর্শক, সার্বিক দাপ্তরিক কার্যক্রমে সহায়তা প্রদান করে থাকেন। নিবন্ধন অধিদপ্তরের ০৭ টি শাখায় ০৬ জন পরিদর্শক রয়েছে। তারা স্ব স্ব বিভাগীয় জেলার সরকারি রাজস্ব আদায় কার্যক্রম পর্যবেক্ষণ ও তদারকীসহ অনিয়ম এবং বিধি-বর্হিভূত কার্যক্রম, পরীক্ষা ও নিরীক্ষা করেন। পরিদর্শকগণ তাদের অধিক্ষেত্রাধীন সাব-রেজিস্ট্রি অফিসসমূহে প্রস্তুতকৃত স্থাবর সম্পত্তির বাজার মূল্য তালিকা পরীক্ষা ও যাচাই করেন এবং ক্ষেত্রমতে বাজার মূল্য হ্রাস-বৃদ্ধির প্রয়োজন হলে তাদের নিজস্ব মতামত প্রদান করেন। খন্ডকালীন দায়িত্ব রদ-বদল/পরিবর্তনের ক্ষেত্রে জেলা রেজিস্ট্রারগণের প্রেরিত প্রস্তাব সম্পর্কে তাদের মতামত প্রদান করেন। মহা-পরিদর্শক, নিবন্ধন এর অনুমতিক্রমে পরিদর্শকগণ মাসওয়ারি বিভিন্ন জেলা রেজিস্ট্রার ও সদর সাব-রেজিস্ট্রি কার্যালয় পরিদর্শন করে থাকেন। পরিদর্শক কর্তৃক মাসিক ভ্রমণসূচি এবং সম্পাদিতব্য কার্যবিবরণী নিয়মিতভাবে মহা-পরিদর্শক, নিবন্ধনের নিকট পূর্ব অনুমোদনের জন্য দাখিল করা হয়। পরিদর্শকগণ তাদের স্ব স্ব অধিক্ষেত্রের জেলাধীন নিয়োগ ও পদোন্নতি কমিটি কর্তৃক ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারিগণের নিয়োগ ও পদোন্নতির ক্ষেত্রে অসদাচরণমূলক সিদ্ধান্ত গ্রহণ এবং বদলী বিষয়ক অনিয়ম, ইত্যাদি সরাসরি পরীক্ষা করেন।

২। **অধিদপ্তরের শাখা ভিত্তিক কার্যের বিবরণ ঃ-**

নিবন্ধন অধিদপ্তরের বিভিন্ন শাখা হতে আই.আর.ও পদে পদোন্নতি, জেলা রেজিস্ট্রার, সাব-রেজিস্ট্রার এবং সারাদেশে কর্মরত ৩য়/৪র্থ শ্রেণী কর্মচারীগণের পদোন্নতি, বদলী, নিয়োগ, নকলনবিস নিয়োগ, বিভাগীয় মামলা, বিভাগীয় পরিক্ষা, অভিযোগ, ছুটি ও পেনশনসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করে। তাছাড়াও সারাদেশের জেলা ও উপজেলা অফিস সমূহে বালাম বাধাঁই ও আসবাসপত্রসহ বিভিন্ন খাতের বাজেট বরাদ্দ দলিল লেখকগণের সনদ প্রদান; অফিস ভবন নির্মান, ভবন মেরামত, ভ্রমন সূচী অনুমোদন/বাতিল, ভ্রমন বিল, পরিদর্শন বিবরণী পরীক্ষা এবং নিবন্ধন অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সংশ্লিষ্ট কাজ করা হয়। টি.সি. শাখা আই.জি.আর. তহবিলের হিসাব নিকাশসহ সকল জেলার টি.সি. কর্মচারীদের পদোন্নতি, বদলী, নিয়োগ সংশ্লিষ্ট কাজ করে থাকে।

৩। **ভৌত অবকাঠামো** ঃ- মাঠ পর্যায়ের সকল জেলা-রেজিস্ট্রার ও সাব-রেজিস্ট্রার এর অফিস ভবন নির্মাণ/পুনঃনির্মাণের বিষয়ে একনেক সভায় মাননীয় প্রধানমন্ত্রী দেশের সকল জেলা-রেজিস্ট্রার ও সাব-রেজিস্ট্রার অফিসের জন্য নিজস্ব বিভাগীয় ভবন নির্মাণের নির্দেশ প্রদান করেছেন। উক্ত নির্দেশনার আলোকে অবশিষ্ট জেলা-রেজিস্ট্রার ও সাব-রেজিস্ট্রার অফিস ভবনসমূহ নির্মাণ/পুন:নির্মানের লক্ষ্যে নতুন একটি উন্নয়ন প্রকল্প **" নিবন্ধন দপ্তরসমূহের উন্নয়ন "** অনুমোদনের প্রক্রিয়াধীণ রয়েছে। ২০২২-২০২৩ অর্থবছরে নির্মিত ভবন সংখ্যা ২৩টি।

৪। **পদোন্নতি** ঃ ২০২২-২০২৩ অর্থবছরে জনবল সংকট নিরসন কল্পে পদোন্নতির আই.আর.ও পদ হতে পদোন্নতির মাধ্যমে ০২ জন এ,আই.জি.আর পদে পদোন্নতি প্রদান, জেলা রেজিস্ট্রার হতে পদোন্নতির মাধ্যমে ০২ জন আই.আর.ও পদে পদোন্নতি প্রদান, সাব-রেজিস্ট্রার হতে পদোন্নতির মাধ্যমে ০৯জন জেলা রেজিস্ট্রার, এবং সারাদেশে কর্মরত মোহরার/টি.সি মহোরার হতে পদোন্নতির মাধ্যমে জেলা রেজিস্ট্রার কার্যালয়ের ও সাব-রেজিস্ট্রার কার্যালয়ের ১১৪ জন অফিস সহকারি পদে পদোন্নতি এবং সাব-রেজিস্ট্রি অফিসে কর্মরত নকলনবিস হতে পদোন্নতির মাধ্যমে ১২২ জন কে মোহরার পদোন্নতি প্রদান করা হয়।

৫। **বালাম বহির সরবরাহ** ঃ সারাদেশে বিভিন্ন জেলা কার্যালয়ে সাব-রেজিস্ট্রি অফিসসমূহে বিতরনের জন্য ২০২২-২০২৩ সালে মোট ৭১,৫১৮টি বালাম সরবরাহ করা হয়েছে।

৬। **নকলনবীশগণের পারিশ্রমিক বৃদ্ধিকল্পে** বিধিমালাঃ নকলনবিসগণের পারিশ্রমিক-দলিল নিবন্ধন ফিস তালিকা সংক্রান্ত এস.আর. ও নং ২৭৭-আইন/২০১৪ এরদফা 'ছছ' এবং দফা 'ঢঢ' অনুযায়ী আদায়কৃত অর্থ হতে দলিলের অনুলিপি প্রস্তুতকরণ বাবদ নকলনবিসগণ পারিশ্রমিক প্রাপ্ত হবেন।

৭। মানব সম্পদ উন্নয়নঃ বিভাগীয় কর্মকর্তা/কর্মচারী দক্ষতা জনবল গড়ে তোলার লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পদন চুক্তির আওতায় জেলা রেজিস্ট্রার, সাব-রেজিস্ট্রার, নিবন্ধন অধিদপ্তরসহ সারা দেশের কর্মরত সহায়ক কর্মচারী, দলিল লেখক এবং বিবাহ নিবন্ধনগণকে প্রশিক্ষণ প্রদান করা হয়। বাল্য বিবাহ নিরোধের লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থবছরে নিকাহ্ রেজিস্ট্ররের অংশ গ্রহণে বাল্যবিবাহ বিরোধে উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করা হয়।

| ক্রমিক নং | পদবী | সংখ্যা |
|---|---|---|
| ১ | জেলা রেজিস্ট্রার | ১৫০ |
| ২ | সাব-রেজিস্ট্রার | ২৪৯ |
| ৩ | সহায়ক কর্মচারী | ৩,৬৮৬ |
| ৪ | দলিল লেখক | ৩,২৩০ |
| ৫ | নিকাহ্ রেজিস্ট্রার | ৬২১ |
| ৬ | বাল্যবিবাহ বিরোধে উদ্বুদ্ধকরণ সভা উপস্থিত নিকাহ্ রেজিস্ট্রার সংখ্যা | ৬২৫ |

৮। রেজিস্ট্রিকৃত দলিল ও আদায়কৃত রাজস্বের পরিসংখ্যানঃ

| অর্থ বছর | রেজিস্ট্রেশন আয় | স্থানীয় সরকার কর | মোট রাজস্ব আয় | দলিল সংখ্যা |
|---|---|---|---|---|
| ২০২২-২০২৩ | ১০৪৯৭,৩৩,৪৭,১৮৬ | ৪৬২৭৬,৩৭,৭০৯৮ | ১৫১২৪,৯৭,২৪২৮৪ | ৩৯,৯১,২৪৫ |

০৯। ছুটি ও অন্যান্য আবেদন মঞ্জুরঃ ২০২২-২০২৩ অর্থবছরে নিম্নে বর্ণিত জেলা রেজিস্ট্রার ও সাব-রেজিস্ট্রারগণ সহ কর্মচারীগণের বিভিন্ন প্রকার ছুটি মঞ্জুর করা হয়েছে। এ অর্থবছরের মঞ্জুরকৃত ছুটির বিবরণ নিম্নে উল্লেখ করা হলোঃ

| ক্রমিক নং | ছুটির বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ০১ | জেলা রেজিস্ট্রারগণের শ্রান্তি বিনোদন | ১০টি |
| | জেলা রেজিস্ট্রারগণের প্রেষণ মঞ্জুর | ০৬টি |
| | জেলা রেজিস্ট্রারগণের বহিঃ বাংলাদেশে ছুটি | ১৫টি |
| | জেলা রেজিস্ট্রারগণের অবসর-উত্তর ছুটি | ০৪টি |
| | সাব-রেজিস্ট্রারগণের শ্রান্তি বিনোদন | ২৬টি |
| | সাব-রেজিস্ট্রারগণের অর্জিত ছুটি | ১৩টি |
| | সাব-রেজিস্ট্রারগণের প্রেষণ মঞ্জুর | ১৯টি |
| | সাব-রেজিস্ট্রারগণের বহিঃ বাংলাদেশে ছুটি | ৫৭টি |
| | সাব-রেজিস্ট্রারগণের অবসর-উত্তর ছুটি | ১৭টি |
| | সাব-রেজিস্ট্রারগণের মাতৃত্বকালীন ছুটি মঞ্জুর | ০৫টি |
| | কর্মচারী বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর | ৮৬টি |
| | কর্মকর্তা/কর্মচারীর পাসপোর্ট গ্রহণ/নবায়ন | ৭৩টি |

২৭/০৮/২০২৩

(উম্মে কুলসুম)
মহা-পরিদর্শক, নিবন্ধন (অঃদাঃ)
বাংলাদেশ, ঢাকা।

il.google.com/mail/u/0/#sent?projector=1